১৩৭

দৈনিক ইনকিলাব

তারিখ: 20 DEC 1997
পৃষ্ঠা: ১২ কলাম ৬

## ছাত্র দলের কর্মসূচী স্থগিত
# কৃষি ভার্সিটির সমাবর্তন ঘিরে আওয়ামীপন্থী শিক্ষকরা দ্বিধাবিভক্ত

ময়মনসিংহ থেকে জেলা সংবাদদাতা ঃ আজ (শনিবার) কৃষি বিশ্ববিদ্যালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সমাবর্তন অনুষ্ঠানে আগমনকে ঘিরে জাতীয়তাবাদী ছাত্র দলের নেতৃবৃন্দের সঙ্গে ভিসির সমঝোতার বৈঠকে ছাত্র দলের নেতা-কর্মীদের ক্যাম্পাসে ফিরিয়ে নেয়ার আশ্বাসের প্রেক্ষিতে বয়কট কাল ব্যাজ ধারণ কর্মসূচী ২৩ ডিসেম্বর পর্যন্ত স্থগিত ঘোষণা করা হয়েছে বলে গতকাল (শুক্রবার) সন্ধ্যায় ময়মনসিংহ প্রেস ক্লাবে এক সাংবাদিক সম্মেলনে বাকৃবি শাখা ও ময়মনসিংহ জেলা শাখার ছাত্র দল নেতৃবৃন্দ এ কথা বলেন। জাতীয়তাবাদী ছাত্র দলের সহ-সভাপতি মোতাহের হোসেন তালুকদার সাংবাদিক সম্মেলনে বলেন, বেগম খালেদা জিয়া সার্কিট হাউজের জনসভায় বলেছিলেন, কৃষি বিশ্ববিদ্যালয়ের জাতীয়তাবাদী ছাত্র দলের সঙ্গে আলোচনার পরিবেশ সৃষ্টি না করে ছাত্র দলকে বাইরে রেখে কোন কর্মসূচী সফল করতে দেয়া হবে না। তারই প্রেক্ষিতে সংসদ সদস্য এ কে এম মোশাররফ হোসেনসহ বৃহত্তর ময়মনসিংহের সংসদ সদস্যগণ বার বার বিশ্ববিদ্যালয়ের প্রশাসন তথা ভিসি-প্রক্টর

ছাত্র বিষয়ক উপদেষ্টাদের সাথে যোগাযোগ করা সত্ত্বেও তারা আলোচনার নামে কালক্ষেপণ করতে থাকে।

এমতাবস্থায় বাকৃবি'র শাখার সমাবর্তন অনুষ্ঠান বয়কটের সিদ্ধান্ত নেয় এবং কাল ব্যাজ ধারণের কর্মসূচী দিলে সংসদ সদস্য মোশাররফ হোসেন ভিপির সঙ্গে যোগাযোগের ফলে বৃহস্পতিবার দুপুরে বাকৃবি ও ময়মনসিংহ জেলা ছাত্র দলের নেতৃবৃন্দের সাথে এক বৈঠকে সমাবর্তনের স্বার্থে ছাত্র দল নেতৃবৃন্দকে তাদের কর্মসূচী স্থগিত রাখার অনুরোধ জানালে এবং আগামী ২৩ ডিসেম্বর বিশ্ববিদ্যালয় প্রশাসন ছাত্র দলের দাবীসমূহ পূরণের প্রেক্ষিতে ২৩ ডিসেম্বর পর্যন্ত কর্মসূচী স্থগিত ঘোষণা করেছে। অপরদিকে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় আওয়ামীপন্থী শিক্ষকবৃন্দের একাংশ আসন্ন সমাবর্তনকে ঘিরে বিভক্ত হয়ে পড়েছে। গণতান্ত্রিক শিক্ষক ফোরামের শিক্ষকবৃন্দের একাংশে আসন্ন সমাবর্তনে অংশগ্রহণ না করার পক্ষে অবস্থান নিয়েছেন বলে এক লিফলেটে প্রচারিত তথ্যে জানা গেছে।

সাংবাদিকদের কাছে বিতরণকৃত লিফলেটে বলা হয়েছে, গণতান্ত্রিক ফোরামের সভাপতি প্রফেসর ডঃ মোঃ আনোয়ারুল ইসলাম বর্তমান প্রশাসনের অনিয়মতান্ত্রিক ও বেআইনী কর্মকাণ্ডের প্রতিবাদে দলের সভাপতি পদ থেকে পদত্যাগ করেছেন। তবে এ রিপোর্ট লেখা পর্যন্ত তার সঙ্গে যোগাযোগ করে সঠিক কোন তথ্য পাওয়া যায়নি।